

ধ্রুবিতে ভর্তি পরীক্ষা ১১ ও ১২ ডিসেম্বর

খুলনা ব্যুরো

খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা ১১ ও ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ক্যাম্পাসের বাতীত (প্রযোজ্য ক্ষেত্রে) সব ধরনের ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল ফোনসহ) পরীক্ষার হলে আনা নিষিদ্ধ করা হয়েছে। রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। ভর্তি পরীক্ষা গ্রহণের জন্য খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মূল কেন্দ্র এবং কেন্দ্রীয় উইয়েস কলেজ উপকেন্দ্রে আসনবিন্যাস সম্পন্ন হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয় মূল কেন্দ্রে রোল নম্বর ০০০১ থেকে ৪৩০০ পর্যন্ত এবং কেন্দ্রীয় উইয়েস কলেজ উপকেন্দ্রে রোল নম্বর ৪৩০১ থেকে ৬১৬৫ পর্যন্ত পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গুরুবার সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের দুপুর ২-৩টা থেকে বিকাল ৪টা পর্যন্ত জীব বিজ্ঞান স্কুলের এবং বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৬-৩টা পর্যন্ত চাকরুন্স ইন্সটিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১১ ডিসেম্বর শনিবার সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত কলা ও মানবিক স্কুলের দুপুর ১২-৩টা থেকে দুপুর ২টা পর্যন্ত সামাজিক বিজ্ঞান স্কুলের এবং বিকাল ৩-৩টা থেকে ৫টা পর্যন্ত ব্যবস্থাপনা ও বাণিজ্য প্রশাসন স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তির আসন বিন্যাস স্বক্ৰমে বিস্তারিত তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.ku.ac.bd) পাওয়া যাবে। এছাড়া সংশ্লিষ্ট স্কুলের ডিন অফিস ও ইন্সটিটিউটের পরিচালকের অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় (পিএবিএক্স- ৭২০১৭১-৩/৫১৬১) যোগাযোগ করে জানা যাবে।